

অতীব জরুরী

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বাস্থ্য অধিদপ্তর
সম্প্রসারিত টিকাদান কর্মসূচি (ইপিআই)
মহাখালী, ঢাকা-১২১২।

স্মারক নং-স্বাস্থ্য/ইপিআই/প্রশিক্ষণ-২৩(পার্ট-৩)/কোভিড-২০১৯/২০২০/ ১৭৬৪

তারিখ : ১০/১০/২০২২ খ্রি.

বরাবর
পরিচালক, পলিসি এবং অপারেশন, প্রাথমিক শিক্ষা অধিদপ্তর, ঢাকা।

বিষয় : ৫-১১ বছর বয়সের শিশুদের জন্য পেডিয়াট্রিক ফর্মুলেশন ফাইজার বায়োএনটেক COMIRNATY, কোভিড-১৯ ভ্যাকসিন কার্যক্রম সকল উপজেলা ও পৌরসভায় বাস্তবায়ন প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের আলোকে জানানো যাচ্ছে যে, ৫-১১ বছর বয়সের শিশুদের জন্য পেডিয়াট্রিক ফর্মুলেশন ফাইজার বায়োএনটেক COMIRNATY, কোভিড-১৯ ভ্যাকসিন কার্যক্রম শুরু হয়েছে। মাননীয় মন্ত্রী, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় এবং মাননীয় মন্ত্রী, শিক্ষা মন্ত্রণালয় গত ১১ আগস্ট, ২০২২ এই কার্যক্রমের শুভ উদ্বোধন করেছেন। প্রথম পর্যায়ে ১২ টি সিটি করপোরেশনে গত ২৫ আগস্ট, ২০২২ খ্রি. তারিখ থেকে ৫-১১ বছর বয়সের শিশুদের এই ভ্যাকসিন প্রদান করা হচ্ছে।

১১ অক্টোবর, ২০২২ খ্রি. তারিখ থেকে উপজেলা ও পৌরসভায় ৫-১১ বছর বয়সের শিশুদের এই ভ্যাকসিন প্রদান কার্যক্রম শুরু হবে।

বাস্তবায়ন পরিকল্পনা

- ১) বাংলাদেশ সরকারের সিদ্ধান্ত অনুযায়ী জন্ম নিবন্ধন (১৭ ডিজিটের) কার্ডের মাধ্যমে সুরক্ষা অ্যাপসে (Surokha Apps) অভিভাবকগণ ৫-১১ বছর বয়সী সকল শিশুদের রেজিস্ট্রেশন করবেন। নির্ধারিত শিক্ষা প্রতিষ্ঠান ও টিকাদান কেন্দ্রে কোভিড-১৯ টিকা কার্ড প্রদর্শন সাপেক্ষে COMIRNATY, কোভিড-১৯ ভ্যাকসিন প্রদান করতে হবে।
- ২) যদি টিকা কার্ড না থাকে তাহলে লাইন লিস্টিং করে ভ্যাকসিন প্রদান করতে হবে এবং এই লাইন লিস্টিং-এর তথ্য সংরক্ষণ করতে হবে। তবে অভিভাবকগণকে অবশ্যই জানাতে হবে যে, ভ্যাকসিন পরবর্তী সনদ নিতে সুরক্ষা অ্যাপসে রেজিস্ট্রেশন নিজ দায়িত্বে করতে হবে।
- ৩) শিক্ষা প্রতিষ্ঠানের জন্য প্রতিটি ওয়ার্ডে প্রতিদিন ২টি টিমের মাধ্যমে ১২ কর্মদিবস এবং কমিউনিটির জন্য ১টি টিমের মাধ্যমে ০১ কর্মদিবস হিসেবে মোট ১৩ (তের) কর্মদিবসের মধ্যে বাস্তবায়ন করতে হবে।
- ৪) সকাল ৯ টা থেকে ভ্যাকসিন প্রদান কার্যক্রম শুরু হবে। তবে শিক্ষা প্রতিষ্ঠানের প্রধান/প্রতিনিধি, জেলা প্রাথমিক শিক্ষা কর্মকর্তা, উপজেলা শিক্ষা কর্মকর্তা এবং স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা/পৌরসভা কর্তৃপক্ষ আলোচনা করে সমন্বয়ের মাধ্যমে ভ্যাকসিন প্রদান কার্যক্রমের সময় নির্ধারণ করবেন।
- ৫) প্রতিটি ওয়ার্ডে (সাবেক/পুরাতন) শিক্ষা প্রতিষ্ঠান এবং কমিউনিটির প্রাপ্যতা অনুযায়ী ৫-১১ বছরের শিশুদের সকলকে কোভিড-১৯ ভ্যাকসিন প্রদানের জন্য ওয়ার্ডের মাইক্রোপ্ল্যান তৈরী করতে হবে।
- ৬) শিক্ষা প্রতিষ্ঠানে প্রতি টিমে ২ জন ভ্যাকসিনেটর কাজ করবেন এবং শিক্ষা প্রতিষ্ঠানের সম্মানিত ও সংশ্লিষ্ট শিক্ষকগণ এই কার্যক্রমে ভ্যাকসিনেটরদের নিম্নে বর্ণিত সহায়তা করবেন :
 - শিক্ষা প্রতিষ্ঠানের সম্মানিত ও সংশ্লিষ্ট শিক্ষকগণ ছাত্র-ছাত্রীদের ভ্যাকসিন গ্রহণের জন্য সারিবদ্ধভাবে ভ্যাকসিনেটরদের নিকট নিয়ে যাবেন
 - শিক্ষা প্রতিষ্ঠানের আইটি বিভাগের একজন রিপোর্টিং-এর কাজে সহায়তা করবেন। উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা শিক্ষা প্রতিষ্ঠানের একজন করে আইসিটি ফোকাল পারসনকে প্রশিক্ষণ প্রদান করবেন। এজন্য শিক্ষা প্রতিষ্ঠানের একজন আইসিটি ফোকাল পারসনের নাম, মোবাইল নম্বর এবং ই-মেইল নম্বর উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তার নিকট প্রেরণ করবেন
 - সুরক্ষা অ্যাপসে রেজিস্ট্রেশন করা কোভিড-১৯ কার্ড দিয়ে ভ্যাকসিন গ্রহণ করলে, অনলাইনে ভ্যাকসিনের তথ্য হালনাগাদ করবেন
 - যদি সুরক্ষা অ্যাপসে রেজিস্ট্রেশন করা কার্ড না থাকে তবে লাইন লিস্টিং করে ভ্যাকসিন প্রদান করতে ভ্যাকসিনেটরদের সহায়তা করবেন
 - ৮ সপ্তাহ বা ৫৬ দিনের ব্যবধানে ২য় ডোজ ভ্যাকসিনের তারিখ অভিভাবকগণকে জানাবেন।এই কার্যক্রম নিশ্চিতকল্পে আপনার অধীনস্থ জেলা ও উপজেলার সংশ্লিষ্ট কর্মকর্তাগণের সার্বিক সহযোগীতার ব্যবস্থা গ্রহণের জন্য বিনীত অনুরোধ জানাচ্ছি।

স্বাস্থ্য অধিদপ্তরের মহাপরিচালক মহোদয়ের অনুমোদনক্রমে পত্রটি প্রেরণ করা হল।



(ডাঃ মোঃ শামসুল হক)

পরিচালক ও লাইন ডাইরেক্টর (এমএনসিএডএইচ)

স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা

ও সদস্য সচিব

কোভিড-১৯ ভ্যাকসিন ব্যবস্থাপনা টাফ ফোর্স কমিটি

Page 1 of 2

স্মারক নম্বর: ৩৮.০১.০০০০.৪০০.৯৯.০১১.২১.৩৬০

তারিখ: ২৫ আশ্বিন ১৪২৯

১০ অক্টোবর ২০২২

উপর্যুক্ত বিষয়ে সূত্রস্থ পত্রের মর্মানুযায়ী ব্যবস্থা গ্রহণের জন্য সংশ্লিষ্ট সকলকে অনুরোধ করা হলো।

সংযুক্তি: (১) স্বাস্থ্য অধিদপ্তরের পত্র।



১০-১০-২০২২

মনীষ চাক্মা

পরিচালক

ফ্যাক্স: 02-9038122

১) জেলা প্রাথমিক শিক্ষা অফিসার (সকল)

২) থানা/উপজেলা শিক্ষা অফিসার (সকল)

স্মারক নম্বর: ৩৮.০১.০০০০.৪০০.৯৯.০১১.২১.৩৬০/১(১২)

তারিখ: ২৫ আশ্বিন ১৪২৯

১০ অক্টোবর ২০২২

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:


১) লাইন ডাইরেক্টর, লাইন ডাইরেক্টর (এমএনসি এন্ড এএইচ)-এর দপ্তর, স্বাস্থ্য অধিদপ্তর

২) সিনিয়র সচিবের একান্ত সচিব, সচিবের দপ্তর, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয় [সিনিয়র সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য]

৩) উপপরিচালক, ঢাকা/খুলনা/সিলেট/বরিশাল/ময়মনসিংহ/রাজশাহী/রংপুর/চট্টগ্রাম

৪) পাবলিক রিলেশনস অফিসার (পিআরও), স্বাস্থ্য অধিদপ্তর [মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য]

৫) শিক্ষা অফিসার, মহাপরিচালকের দপ্তর, প্রাথমিক শিক্ষা অধিদপ্তর [মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য]



১০-১০-২০২২

নাসরিন সুলতানা

সহকারী পরিচালক